যুগান্তর

তারিখ 30 MAR 2016
পৃঃ ৩ কলাম ৬

# পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আন্দোলন প্রত্যাহার

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মর্যাদা ও বেতন বৈষম্য দূর করার দাবিতে চলমান আন্দোলন প্রত্যাহার করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন। মঙ্গলবার দুপুর ১টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল।

অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল বলেন, উচ্চশিক্ষার মানের উৎকর্ষ সাধনের জন্য আমরা আন্দোলন কর্মসূচি প্রত্যাহার করে নিচ্ছি। তবে আগামীতে রাষ্ট্র ব্যবস্থাকে অগ্রসর করে নেয়ার জন্য, এ দেশের শিক্ষা ব্যবস্থাকে

■ পৃষ্ঠা ১৫ : কলাম ১

# শিক্ষকদের আন্দোলন প্রত্যাহার

(৩য় পৃষ্ঠার পর)

এগিয়ে নেয়ার জন্য, এ দেশের শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য এবং শিক্ষকদের মান-মর্যাদা রক্ষা করার জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আন্দোলন চালিয়ে যাবে। ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শিক্ষকদের বেতন বৈষম্য নিয়ে যারা নেতিবাচক চিন্তা করেছিল, তারা সবাই নিজেদের ভুলটা বুঝতে পেরেছে। আমরা শুরু থেকে বলে আসছি, বেতন-ভাতার জন্য আমরা আন্দোলন করছি না, মর্যাদার জন্য করছি। ছেলেমেয়েদের জিম্মি করে ক্লাস-পরীক্ষা বর্জন করে আমরা কোনো কর্মসূচি গ্রহণ করিনি যে কর্মসূচিতে শিক্ষার্থীদের সমস্যা হবে।